প্রথম আলো

তারিখ SEP. 30 2006
পৃষ্ঠা ১০ কলাম ১

চাকরিবিধি বাস্তবায়নের দাবি

# শিক্ষাপ্রতিষ্ঠানের কর্মচারীরা মুখে কালো কাপড় বেঁধে মানববন্ধন করলেন

সরকারি সিদ্ধান্ত থাকা সত্ত্বেও ১২ বছরেও শিক্ষাপ্রতিষ্ঠানের কর্মচারীদের চাকরিবিধি বাস্তবায়ন না হওয়ার প্রতিবাদে বাংলাদেশ শিক্ষাপ্রতিষ্ঠান কর্মচারী ফেডারেশনের উদ্যোগে শিক্ষাপ্রতিষ্ঠানের কর্মচারীরা মুখে কালো কাপড় বেঁধে গতকাল শুক্রবার মানববন্ধন কর্মসূচি পালন করেছেন। বেলা ১১টায় রাজধানীর মুক্তাঙ্গনে আয়োজিত এ কর্মসূচিতে ঢাকা মহানগরীর বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের কর্মচারীরা অংশ নেন।

মানববন্ধনের আগে অনুষ্ঠিত সংক্ষিপ্ত সমাবেশে সংগঠনের মহাসচিব এম আরজু বলেন, বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের কর্মচারীরা পেশাগত অধিকার থেকে বঞ্চিত। দুই লাখ তৃতীয় ও চতুর্থ শ্রেণী কর্মচারীকে অতিরিক্ত কাজের জন্য কোনো প্রকার অতিরিক্ত পারিশ্রমিক ভাতা না দিয়ে শ্রম আইন লঙ্ঘন করে প্রতিদিন ১৫-১৬ ঘণ্টা কাজ করতে বাধ্য করা হয়।

মানববন্ধনে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মহাসচিব এম আরজু, কেন্দ্রীয় নেতা সিদ্দিকুর রহমান, জসিম উদ্দিন, আফসার উদ্দিন, হাবিবুর রহমান, ওয়াজেদ আলী, এ বি সিদ্দিক জুয়েল, শহীদ মোল্লা, আনসার আলী, জীবন চন্দ্র দাস, সুরেশ চন্দ্র, আলেয়া বেগম, ফখরুল আলম, আবদুল কাদের, জুলফিকার আলী ভুট্টো, হেলাল উদ্দিন, স ম সাইফুদ্দিন, আবুল কালাম, বাবর